# ব্যবস্থাপনা কমিটির করণীয় ঃ

১। নিরীক্ষা কাজ সম্পন্ন হওয়ার ৬০ দিনের মধ্যে সমিতির বার্ষিক সাধারণ সভা করতে হবে।

২। নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির পর ৬০ দিনের মধ্যে অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে।

৩। ব্যবস্থাপনা কমিটিকে প্রতি মাসে কমপক্ষে একটি সভা করতে হবে।

৪। নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর।

৫। সমবায় আইন অনুযায়ী বর্তমান ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কালের মধ্যে নির্বাচন করতে হবে।

৬। একজন সদস্য সর্বোচ্চ অনুমোদিত শেয়ার মূলধনের শতকরা ২০% শেয়ার ক্রয় করতে পারবে।

৭। প্রত্যেক সদস্যকে নিয়মিত সমিতিতে সঞ্চয় জমা করতে হবে।

৯। প্রত্যেক সদস্যকে শেয়ার সার্টিফিকেট প্রদান করতে হবে।

১০। বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠানের ৭২ ঘন্টার মধ্যে সভাপতি কর্তৃক স্বাক্ষর করতে হবে এবং সভা অনুষ্ঠানের অনধিক ১৫ দিনের মধ্যে জেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করতে হবে।

১১। প্রতি অর্থ বছরে সমবায় সমিতি সমূহকে অডিট করতে হবে।

১২। প্রত্যেক সমবায় সমিতির অবশ্যই সমিতির নামে ব্যাংক একাউন্ট খুলতে হবে।

১৩। সমিতির যাবতীয় খাতাপত্র হালনগাদ রাখতে হবে এবং সঠিক ভাবে সংরক্ষণ করতে হবে।

১৪। সমিতির কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের ক্ষেত্রে বার্ষিক সাধারণ সভা অথবা বিশেষ সাধারণ সভা আহ্বান করতে হবে।

১৫। প্রথম নিয়োগকৃত কমিটির মেয়াদ ০২ (দুই) বছর।

১৬। সমিতির নতুন সদস্য ভর্তি হলে শেয়ার ক্রয়, শেয়ারের সম-পরিমাণ অর্থ জমা এবং ভর্তি ফি নিতে হবে।

১৭। প্রত্যেক সদস্যকে অবশ্যই পাশ বই প্রদান করিতে হবে।

১৮। সমিতির সদস্য ছাড়া অন্য কারো কাছে থেকে আমানত গ্রহণ ও ঋণ প্রদান করা যাবে না।

১৯। সমিতির উপ-আইনে উল্লেখিত কর্ম এলাকার বাইরে সমিতির কার্যক্রম পরিচালনা করা যাবে না।

২০। সভ্য নির্বাচনী এলাকার বাইরে কোন সদস্য ভর্তি করা যাবে না।

২১। কোন সমবায় সমিতি উহার কার্যক্রম পরিচালনার জন্য কোন শাখা অফিস খুলতে পারবে না।

২২। কোন সমবায় সমিতি বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতিরেকে ব্যাংকিং ব্যবসা পরিচালনা করতে পারবে না।